বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্
Bangladesh College of Physicians & Surgeons
BCPS

বিসিপিএস নং-৭৭৬/২০২৬/২৭৪৩৭(৯) তারিখ ঃ ১৫-১১-২০২৬ খ্রি.

জানুয়ারি ২০২৭ সেশনের এফসিপিএস মিডটার্ম পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত ই-লগবুক সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কলেজের জানুয়ারি ২০২৫ সেশনে মেডিসিন, সার্জারি, অবস্ এন্ড গাইনি, পেডিয়াট্রিকস্ এবং সংশ্লিষ্ট এলাইড বিষয়সমূহে এফসিপিএস ১ম পর্ব পাস করা প্রশিক্ষণার্থীদের জন্য ই-লগবুক ব্যবস্থাপনার ব্যাপারে ইতোপূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তি (বিসিপিএস নং-৭৭৬/২০২৬/২৭৩৭৫, তারিখ: ০৪ নভেম্বর, ২০২৬ খ্রি.)-এর ধারাবাহিকতায় কলেজ নিম্নোক্ত সংশোধিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছেঃ

১. **সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত:** প্রশিক্ষণার্থীদের সার্বিক সুবিধার্থে অনলাইন ই-লগবুক এন্ট্রি এবং হার্ডকপি (ম্যানুয়াল) লগবুক জমাদানের সময়সীমা আগামী **৩০ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ** পর্যন্ত বৃদ্ধি করা হলো।

২. **স্বয়ংক্রিয়ভাবে Certificate of Completion of Core Training (CCCT) তৈরী ও পরীক্ষার যোগ্যতাঃ**
যে সকল প্রশিক্ষণার্থী ই-লগবুক (e-Logbook) ব্যবস্থাপনায় ০২ (দুই) বছরের কোর ট্রেনিংয়ের (Core Training) ৪টি স্লট নিয়েছেন, তাঁদের জন্য ৩০ নভেম্বর, ২০২৬-এর মধ্যে বিষয়ভেদে নির্ধারিত এন্ট্রি করা ও সুপারভাইজর কর্তৃক অনুমোদন হওয়া বাধ্যতামূলক। উল্লেখ থাকে যে, যাঁরা ৪টি স্লটের নির্ধারিত সকল এন্ট্রি যথাসময়ে সম্পন্ন করবেন ও এন্ট্রিসমূহ সুপারভাইজর কর্তৃক অনুমোদিত হবে, কলেজের আরটিএম বিভাগের চুড়ান্ত অনুমোদনক্রমে তাঁদের Certificate of Completion of Core Training (CCCT) স্বয়ংক্রিয়ভাবে তৈরী হবে। উক্ত প্রশিক্ষণার্থীগণ অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী পূরণ সাপেক্ষে জানুয়ারি ২০২৭ সেশনের এফসিপিএস মিডটার্ম পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

৩. **অসম্পূর্ণ ই-লগবুকধারীদের জন্য বিশেষ বিবেচনা ও শর্তাবলী:** যে সকল প্রশিক্ষণার্থী ০২ রছরের কোর ট্রেনিংয়ের ই-লগবুক পোর্টালের মাধ্যমে ৪টি স্লটের মধ্যে এক বা একাধিক স্লট নিতে ও প্রয়োজনীয় এন্ট্রি দিতে ব্যর্থ হয়েছেন, প্রশিক্ষণার্থীদের একাডেমিক স্বার্থ বিবেচনায় কলেজ কর্তৃপক্ষ তাঁদেরকে নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে জানুয়ারি ২০২৭ সেশনের মিডটার্ম পরীক্ষায় অংশগ্রহণের বিশেষ সুযোগ প্রদান করছে:

- **অনলাইন প্রিন্টেড প্রোগ্রেস রিপোর্ট জমা:** প্রশিক্ষণার্থী ০২ বছরের কোর ট্রেনিংয়ের ৪টি স্লটের মধ্যে যে কয়টি স্লট নিয়ে নির্ধারিত এন্ট্রি যথাযথভাবে সম্পন্ন করেছেন, সেই সকল স্লটের প্রতিটি ৬ মাস মেয়াদী অনলাইন প্রিন্টেড প্রোগ্রেস রিপোর্ট বিসিপিএস-এর প্রশাসন বিভাগে জমা দিতে হবে।
- **হার্ডকপি (ম্যানুয়াল) লগবুক জমা:** বাদ পড়া স্লটগুলোর জন্য কলেজের হিসাব বিভাগ থেকে হার্ডকপি লগবুক সংগ্রহ করতে হবে। তা যথাযথভাবে পূরণ (বিষয়ভিত্তিক আনুপাতিক এন্ট্রিসহ) ও সুপারভাইজারের স্বাক্ষরসহ বর্ধিত সময়সীমা অর্থাৎ আগামী **৩০ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ** তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রশাসন বিভাগে জমা দিতে হবে।

গুরুত্বপূর্ণ সতর্কতা:

১) **নির্ধারিত সময় অর্থাৎ ৩০ নভেম্বর ২০২৬ খ্রি. তারিখের পর কোনো হার্ডকপি লগবুক গ্রহণ করা হবে না এবং সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীগণ জানুয়ারি ২০২৭ সেশনের এফসিপিএস মিডটার্ম পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন না।**

২) যে সকল প্রশিক্ষণার্থী ম্যানুয়াল/হার্ডকপি লগবুক পূরণের মাধ্যমে মিডটার্ম পরীক্ষার যোগ্যতা অর্জন করবেন, পরবর্তীতে তাঁরা স্পেশালিটি ট্রেনিংয়ের (Specialty Training) ক্ষেত্রে আর ই-লগবুক ব্যবহারের সুযোগ পাবেন না। তাঁদের জন্য পরবর্তী সকল স্পেশালিটি ট্রেনিং ম্যানুয়াল লগবুকের মাধ্যমেই সম্পন্ন করা বাধ্যতামূলক হবে।

বিশেষ দ্রষ্টব্য: ই-লগবুক ব্যবস্থাপনার আওতায় ই-লগবুক পোর্টালে এন্ট্রি করার জন্য অতিরিক্ত সময় বৃদ্ধি এবং হার্ডকপি/ম্যানুয়াল লগবুক পূরণের এই সুযোগটি কেবল বর্তমান পরিস্থিতিতে বিশেষ বিবেচনায় দেয়া হলো এবং এটি ভবিষ্যতে কোনো দৃষ্টান্ত (Precedent) হিসেবে গণ্য হবে না।

অধ্যাপক ফিরোজ কাদের
সচিব
বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান/সদস্য সচিব , আইটি কমিটি, বিসিপিএস;
২. পরিচালক (আরটিএম/প্রশাসন), বিসিপিএস;
৩. সভাপতি মহোদয়ের একান্ত সচিব, বিসিপিএস;
৪. নোটিশ বোর্ড / সংশ্লিষ্ট নথি।

67, Shaheed Tajuddin Ahmed Sarani, Mohakhali, Dhaka-1212, Bangladesh.
Tel: 02 222284194, 02 222291865, 02 222284616 EXT.- 0/100, Fax: 02-222288928, E-mail: bcps@bcps.edu.bd, Website: www.bcps.edu.bd